

## ২০২৩-২৪ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি

২০২৩-২৪ অর্থ বছরে "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান" এর লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনসিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান যথাক্রমে উচ্চ মাধ্যমিক/সমমান, মাতৃক (সম্মান)/সমমান ও মাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসরত বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রী এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের পোষ্যদের নিকট হতে অনলাইনে শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। বোর্ডের ওয়েবসাইট [www.chtdb.gov.bd](http://www.chtdb.gov.bd) এর হোম পেজে "অনলাইন সেবাসমূহ" মেনু থেকে "শিক্ষাবৃত্তির আবেদন" অংশে প্রদত্ত আবেদন ফরমটি নিম্নোক্ত শর্ত মোতাবেক যথাযথভাবে পূরণপূর্বক বর্ণিত সনদসমূহের মূলকপি হতে রঙিন স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন করতে হবে:

### ক) শর্তসমূহ:

১. সেপ্টেম্বর ২০২২ এর পূর্বের প্রকাশিত ফলাফল দ্বারা বৃত্তির জন্য আবেদন করা যাবেনো। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
২. ২০২২-২৩ অর্থ বছরে শিক্ষাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা একই ফলাফল দিয়ে চলতি ২০২৩-২৪ অর্থ বছরের জন্য আবেদন করতে পারবেন না। নতুন বা হালনাগাদ ফলাফল দিয়ে আবেদন করতে হবে।
৩. অসম্পূর্ণ আবেদন, দাপ্তরিক কাজে ব্যবহার উপযোগী ছবি (সাদা/নীল ব্যাকগ্রাউন্ডসহ), প্রয়োজনীয় সনদসমূহ যথাযথভাবে সংযুক্ত না থাকলে আবেদন বাতিল হবে;
৪. অনলাইন ফরমে ইনপুটকৃত ফলাফলের সাথে সংযুক্ত ফলাফলের মিল না থাকলে আবেদন বাতিল হবে;
৫. ভূল/অসম্পূর্ণ তথ্য ও সূজিত সনদপত্রের মাধ্যমে আবেদন পাওয়া গেলে দাখিলকৃত সনদপত্রসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সত্যতা যাচাইয়ের জন্য প্রেরণ করা হবে। সনদপত্রে কোনো প্রকার অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

### খ) সংযুক্তিসমূহ:

১. শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত বা রঙিন স্ক্যান করা অফিসিয়াল প্যাডে প্রদত্ত প্রত্যায়নপত্রের (অফিসিয়াল প্যাডে প্রত্যায়নকারীর মোবাইল/টেলিফোন এবং ইমেইল আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে) সংযুক্ত করে আবেদন করতে হবে; (এক্ষেত্রে ভর্তির রিসিদ ও পরিচয়পত্র দিয়ে আবেদন করা যাবে না)
২. স্ব-স্ব জেলার জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ;
৩. উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাসরিক আয়ের সনদ আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে (পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ);
৪. বিশেষ কোটার (যদি থাকে) স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; (এতিম ও প্রতিবক্তী কোটার ক্ষেত্রে জেলা/উপজেলা সমাজসেবা কার্যালয়ের প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্র)
৫. বীর মুক্তিযোদ্ধা কোটা: আবেদনকারীর পিতা/মাতা বীর মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ সংযুক্ত করতে হবে। আবেদনকারীর দাদা/দাদী অথবা নানা/নানী বীর মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সনদসহ আবেদনকারীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করতে হবে।
৬. দাপ্তরিক কাজে ব্যবহারযোগ্য আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ( $300\times300$  পিক্সেল), স্বাক্ষর ( $300\times80$  পিক্সেল) এবং অন্যান্য সনদসমূহ ( $1000\times750$  পিক্সেল) (JPEG) ফরমাটে সংযুক্ত করতে হবে; স্ক্যান ব্যৱীত অন্যভাবে ধারণকৃত, (যেমন- মোবাইলে) ছবি তুলে সংযুক্ত করা সনদপত্র গ্রহণযোগ্য হবে না।
৭. **গ) বিশেষ নির্দেশনা:** বর্ণিত শর্তসমূহ সময় নিয়ে ধৈর্যসহকারে মনযোগ দিয়ে পড়ে ভালোভাবে বুঝে আবেদন করার যোগ্য হলে বর্ণিত সংযুক্তিসমূহ স্ক্যান করে আবেদন করার পরামর্শ দেয়া হলো। কোনক্রমে আবেদন ভূল হলে কিংবা একাধিক বার আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮. আবেদনের সময়সীমা: ১ এপ্রিল হতে ৩০ এপ্রিল ২০২৪ খ্রি: রাত ১২.০০ টা পর্যন্ত (কেবল অনলাইনে)।
৯. **বিশেষ দ্রষ্টব্য:** বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যক্তিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনসহ এতদসংক্রান্ত যাবতীয় সিক্ষান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।